অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/13/2023 **গভর্নর ক্যাথি হোকল**

বাফেলোর রসওয়েল পার্ক সমন্বিত ক্যান্সার কেন্দ্রে নিউ ইয়র্কের প্রথম কোষ ও জিন থেরাপি হাব প্রতিষ্ঠা সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

98 মিলিয়ন ডলারের কোষ ও জিন থেরাপি ম্যানুফ্যাকচারিং ল্যাব জীবন রক্ষাকারী প্রযুক্তিসমূহ যেমন ক্যান্সারের বিরুদ্ধে লড়াইকারী কোষ থেরাপি বিষয়ক গবেষণা ও উন্নয়নে সহায়তা করবে

এছাড়াও নতুন হাবটি নিউ ইয়র্কে শীর্ষস্থানীয় লাইফ সায়েন্স কোম্পানি এবং নতুন কর্মসংস্থান আকৃষ্ট করার প্রচেষ্টায় সহায়তা করবে

নিউ ইয়র্কের দ্রুত সমৃদ্ধশীল লাইফ সায়েন্স খাত গড়ে তোলার জন্য স্টেট অব দ্য স্টেট রূপকল্পের অংশ হিসেবে গভর্নর দুইটি কোষ ও জিন থেরাপি হাব চালুর ঘোষণা দিয়েছেন

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে এরি কাউন্টির বাফেলোতে রসওয়েল পার্ক সমন্বিত ক্যান্সার কেন্দ্রে নিউ ইয়র্কের প্রথম কোষ ও জিন থেরাপি হাব প্রতিষ্ঠা করা হবে। 98 মিলিয়ন ডলারের এই সেন্টারটি রসওয়েলে জীবন রক্ষাকারী থেরাপিগুলোর গবেষণা ও উন্নয়নে সহায়তা করতে, এটির সুপ্রতিষ্ঠিত গবেষণা সক্ষমতা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করতে, এবং রসওয়েলকে কোষ থেরাপি আবিষ্কার ও উৎপাদনের ক্ষেত্রে দেশের মধ্যে একটি প্রিমিয়ার প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত করতে এবং ওয়েস্টার্ন NY-তে কোষ ও জিন থেরাপি খাত ত্বরান্বিত করতে সাহায্য করবে। এছাড়াও এই সম্প্রসারণ একটি আপস্টেট কোষ ও জিন থেরাপি হাব প্রতিষ্ঠা করা এবং দ্রত সমৃদ্ধশীল লাইফ সায়েন্স খাতে স্টেটের নেতৃত্ব জোরদার করার জন্য গভর্নর হোকলের 2023 সালের স্টেট অব দ্য স্টেট ভাষণের অঙ্গীকারাবদ্ধতাকে বাস্তবায়ন করছে।

"ওষুধ শিল্পের ভবিষ্যত নিহিত রয়েছে কোষ ও জিন থেরাপির মধ্যে এবং রসওয়েল পার্ক সমন্বিত সেবা কেন্দ্রে (Roswell Park Comprehensive Care Center) অবস্থিত এই নতুন হাবটি ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং সমগ্র নিউ ইয়র্ক স্টেটকে জীবন রক্ষাকারী চিকিৎসা ও থেরাপিসমূহের ক্ষেত্রে সর্বাধুনিক অবস্থানে রাখবে," **বলেছেন গভর্নর হোকল।** "আমার স্টেট অব দ্য স্টেট ভাষণে আমি লাইফ সায়েন্সের মতো দ্রুত সমৃদ্ধশীল খাতগুলোতে বিনিয়োগের অঙ্গীকার করেছিলাম, এবং 30 মিলিয়ন ডলারের একটি স্টেট বিনিয়োগের সুবাদে রসওয়েলের এই নতুন ফ্যাসিলিটি এই

খাতে আমাদের স্টেটের ভবিষ্যত সুদৃঢ় করতে, 21 শতকের কর্মসংস্থান তৈরি করতে, এবং এসব অতি গুরুত্বপূর্ণ চিকিৎসার উপর নির্ভরশীল কয়েক প্রজন্মের নিউ ইয়র্কবাসীর জন্য আশা যোগাতে সাহায্য করবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) রসওয়েলের থেরাপিউটিক সেল প্রোডাকশন ফ্যাসিলিটির (Therapeutic Cell Production Facility) বর্তমান কোষ ও জিন থেরাপি গবেষণা সক্ষমতা সম্প্রসারণ করতে বিশেষায়িত পরিচ্ছন্ন কক্ষের সংখ্যা ছয়টি থেকে 20টিতে উন্নীত করতে 30 মিলিয়ন ডলার বিনিয়োগ করবে, যা এটিকে যুক্তরাষ্ট্রের সর্ববৃহৎ একাডেমিক কোষ ও জিন থেরাপি গবেষণা ও প্রস্তুতকারক ফ্যাসিলিটিতে পরিণত করবে। এই নতুন ফ্যাসিলিটি কোষ থেরাপি উন্নয়ন প্রক্রিয়ার প্রতিটি ধাপকে সহজতর করার মাধ্যমে গবেষণা থেকে উৎপাদন পর্যন্ত যাওয়ার পথকে সংক্ষিপ্ত করবে। এটি এসব থেরাপির বাণিজ্যিকীকরণ করা স্টার্টআপ কোম্পানিগুলোকে বেড়ে উঠতে উৎসাহিত করবে, বেসরকারি বিনিয়োগ বৃদ্ধি করবে, স্টেটের উদ্ভাবনের প্রতি মনোযোগী ট্যালেন্ট পুল শক্তিশালী করবে, এবং বায়োফার্মা কোম্পানিগুলোকে অংশীদার হওয়ার জন্য আকৃষ্ট করবে।

রসওয়েল কঠিন অবস্থায় থাকা টিউমারকে আক্রমণের জন্য কোষ ও জিন থেরাপি উন্নয়নের প্রতি মনোযোগ দিবে। বর্তমানে ক্যান্সারের বিরুদ্ধে লড়াইকারী কোষ থেরাপিগুলো তরল অবস্থায় থাকা টিউমার, যেমন লিউকেমিয়া ও লিম্ফোমাকে টার্গেট করে থাকে। যদিও কোষ থেরাপি এখনো ক্যান্সার থেরাপির একটি উদীয়মান খাত হিসেবে রয়ে গেছে, প্রাথমিক সফলতায় দেখা গেছে যে এটি রক্ত ভিত্তিক ম্যালিগন্যান্সির নির্দিষ্ট কিছু ধরন — এমন ক্যান্সার যেগুলো আগে চিকিৎসার অযোগ্য বলে মনে করা হতো — সেগুলোতে আক্রান্ত রোগীদের মধ্যে 80 শতাংশ বা তার বেশি সংখ্যকের জন্য টেকসই সাড়াদানের দিকে নিয়ে যেতে পারে। স্তন, মলাশয় ও ফুসফুসের মতো অঙ্গের কঠিন অবস্থার টিউমারগুলোকে টার্গেট করে কোষ থেরাপি উন্নয়ন করা ক্যান্সার গবেষকদের একটি গুরুত্বপূর্ণ লক্ষ্য, যেসব টিউমার সাধারণত অনেক বেশি দেখা যায়।

রসওয়েল পার্কের প্রেসিডেন্ট, CEO এবং M&T ব্যাংক (M&T Bank)-এর প্রেসিডেনশিয়াল চেয়ার ইন লিডারশিপ ক্যান্ডেস এস. জনসন PhD বলেন, "বেশিরভাগ জীবন রক্ষার ক্ষমতা নিয়ে উদ্ভাবনগুলোর স্বীকৃতি দেওয়া এবং সেগুলোতে বিনিয়োগ করার জন্য তাদের নেতৃত্বের মাধ্যমে গভর্নর হোকল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট নিউ ইয়র্কবাসীদের জন্য একটি অধিকতর স্বাস্থ্যকর, আরো বেশি সহায়ক ভবিষ্যত নিশ্চিত করছে। কোষ থেরাপির সবচেয়ে সম্মানিত ও সুদক্ষ বিশেষজ্ঞরা রসওয়েল পার্কে নিজেদের উদ্যমকে কাজে পরিণত করেন কারণ তারা রসওয়েল পার্কে এমন সব উপায়ে উদ্ভাবন করতে পারেন যা অন্য কোথাও সম্ভব নয়, এবং এর মানে হলো নজিরবিহীন ব্যাপ্তি এবং রসওয়েল পার্কের রোগীদেরকে উপকৃত করা সংস্থানসমূহ।"

রসওয়েল পার্কের পরিচালনা বোর্ডের সভাপতি লিসিয়া ইভ, এস্ক. বলেন, "গভর্নর হোকল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের তরফ থেকে রসওয়েল পার্কের জন্য আসা অংশীদারিত্ব ও সহায়তা নিউ ইয়র্ক স্টেটের কুশলতার সুফল সর্বোচ্চরূপে কাজে লাগানোর একটি দৃষ্টান্তমূলক মডেল হয়ে থাকবে। রসওয়েল পার্ক কোষ থেরাপির এই উদীয়মান খাতে অসাধারণ দক্ষতা ও

সক্ষমতা অর্জন করেছে, এবং ESD-এর সহায়তার কল্যাণে আমরা বিশ্বের যেকোনো স্থানের তুলনায় এধরনের অন্যতম সর্ববৃহৎ ও সবচেয়ে বেশি সমন্বিত একটি কর্মসূচি তৈরি করার জন্য আমাদের লক্ষ্যের দিকে দ্রুত গতিতে এগিয়ে যেতে সক্ষম হচ্ছি।"

কোষ ও জিন থেরাপি হলো লাইফ সায়েন্সের দ্রুততম সমৃদ্ধশীল খাতগুলোর মধ্যে একটি এবং নিউ ইয়র্ক লাইফ সায়েন্স শিল্পের এই নতুন, উচ্চ-সমৃদ্ধশীল উপখাতটি উন্নয়নে সাহায্য করার মতো অনন্য অবস্থানে রয়েছে। রোগের জন্য দায়ী কোষগুলোকে সারিয়ে তোলা অথবা টিউমারের কোষগুলোকে মেরে ফেলার জন্য পুনরায় প্রোগ্রামকৃত পেশেন্ট সেল প্রস্তুত করার মাধ্যমে কোষ ও জিন থেরাপি ক্যান্সারের মতো রোগগুলোকে আক্রমণ করে থাকে। এই স্টেট বর্তমানে NIH অনুদানসমূহ, পেটেন্টের সংখ্যা এবং কোষ ও জিন থেরাপির ক্লিনিক্যাল ট্রায়ালের সংখ্যার দিক থেকে র‍্যাঙ্কিংয়ে শীর্ষ তিনের মধ্যে রয়েছে, এবং কোষ ও জিন থেরাপি উন্নয়নের প্রতি মনোযোগ দেওয়ার মাধ্যমে এটি ব্যাপক সুফল লাভ করতে পারবে।

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটে সমৃদ্ধি ও উদ্ভাবনের জন্য সহায়তা করার জন্য তার অব্যাহত প্রচেষ্টার অংশ হিসেবে তার 2023 সালের স্টেট অব দ্য স্টেট ভাষণে দুইটি কোষ ও জিন থেরাপি হাব তৈরির ঘোষণা দিয়েছেন, যার মধ্যে একটি আপস্টেটে এবং অন্যটি ডাউনস্টেটে। এই খাতে নেতৃত্ব দেওয়ার জন্য নিউ ইয়র্কের যাতে প্রয়োজনীয় মেধা ও অবকাঠামো উভয়টি থাকে তা নিশ্চিত করার জন্য প্রতিটি সেন্টার অতি গুরুত্বপূর্ণ কোষ ও জিন থেরাপি অবকাঠামো, প্রযুক্তি ও পরিষেবাসমূহের সঙ্গে সহ-অবস্থানে থাকবে। ESD একটি ডাউনস্টেট হাব প্রতিষ্ঠার জন্য অংশীদারদের সঙ্গে সম্পৃক্ততা অব্যাহত রেখেছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন, "এসব সক্ষমতাকে দুইটি লোকেশনে মনোনিবেশ করা এবং স্টেটজুড়ে সেগুলোর মধ্যে সংযোগ স্থাপন করা নিউ ইয়র্ককে কোষ ও জিন থেরাপি উন্নয়নের ক্ষেত্রে একটি পাওয়ার হাউজে পরিণত করবে। কোষ ও জিন থেরাপি খাতের সমৃদ্ধির জন্য গভর্নর হোকলের অঙ্গীকারাবদ্ধতা বুদ্ধিবৃত্তিক সম্পত্তি বৃদ্ধি করা, এসব পণ্য বাণিজ্যিকীকরণের জন্য কোম্পানিগুলো তৈরি ও আকৃষ্ট করা, বেসরকারি বিনিয়োগ আকৃষ্ট করা, এবং বায়োফার্মা কোম্পানিগুলোর সঙ্গে অংশীদারিত্ব স্থাপন করার ব্যাপক সম্ভাবনা তুলে ধরছে।"

রিপ্রেজেন্টেটিভ ব্রায়ান হিগিন্স বলেন, "উদ্ভাবনমূলক ক্যান্সার চিকিৎসা উন্নয়ন ও আবিষ্কারের ক্ষেত্রে রসওয়েল পার্কের রয়েছে বিশ্বব্যাপী নেতৃস্থানীয় অবস্থানে থাকার একটি দীর্ঘ ইতিহাস এবং একটি উজ্জ্বল ভবিষ্যত। গভর্নর হোকলের এই বিনিয়োগ বিজ্ঞানের প্রতি একটি অঙ্গীকারাবদ্ধতার চেয়েও বেশি কিছু। এটি নিউ ইয়র্কের এবং এর বাইরের যেসব পরিবার ক্যান্সারের বিরুদ্ধে লড়াইয়ে আশা ও জয়ের সন্ধান করছেন তাদের সবার জন্য একটি অঙ্গীকারাবদ্ধতা।"

স্টেট সিনেটর টিমোথি এম. কেনেডি বলেন, "রসওয়েল পার্ক সমন্বিত ক্যান্সার কেন্দ্র শুধু এটির সুচিন্তিত, রোগী-কেন্দ্রিক সেবার জন্যেই নয়, বরং প্রতিদিন এটি যে উদ্ভাবনমূলক গবেষণার অগ্রপথিক হিসেবে ভূমিকা রেখে চলেছে সেটির জন্য বহু মানুষের জন্য একটি আশার প্রদীপ হয়ে আছে। স্টেটের এই বিনিয়োগ সেই মিশনকে আরো বেশি বেগবান করে তুলবে এবং

জীবন রক্ষা করবে এবং আমাদের মেডিকেল খাতকে সামনে এগিয়ে নেবে এমন গতিশীল চিকিৎসার সুযোগ-সুবিধা বিশ্লেষণ করবে।"

অ্যাসেম্বলির সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা ক্রিস্টাল ডি. পিপলস-স্টোকস বলেন, "রসওয়েল পার্কের নতুন কোষ ও জিন থেরাপি একাডেমিক ম্যানুফ্যাকচারিং ফ্যাসিলিটি সবার জন্য একটি যুগান্তকারী ভূমিকা পালন করবে কারণ দেশের বৃহত্তম ফ্যাসিলিটি হিসেবে এটি নির্দিষ্ট ধরনের ক্যান্সারের বিরুদ্ধে উল্লেখযোগ্য সম্ভাবনা রাখে বলে অধ্যয়নগুলোতে দেখা গেছে। এছাড়াও এটি আগ্রহী পক্ষগুলোর জন্য শিল্পোদ্যোগ ও কর্মসংস্থানের সুযোগ প্রদান করবে। এটি সম্ভব করে তোলায় গভর্নর হোকল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টকে ধন্যবাদ।"

এরি কাউন্টির এক্সিকিউটিভ মার্ক সি. পোলনকার্জ বলেন, "রসওয়েল পার্ক সমন্বিত ক্যান্সার কেন্দ্র আন্তর্জাতিক পর্যায়ে ক্যান্সার সেবা ও চিকিৎসার ক্ষেত্রে একটি নেতৃস্থানীয় প্রতিষ্ঠান হিসেবে পরিচিত, এবং এই নতুন কোষ ও জিন থেরাপি হাব সেই সুনামকে আরো জোরদার করবে। এই অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং জীবন বাঁচানোর সম্ভাবনা ধারণকারী বিনিয়োগের জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

বাফেলোর মেয়র বায়রন ব্রাউন বলেন, "রসওয়েল পার্ক ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চল এবং এর বাইরের ক্যান্সারের দ্বারা ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর জন্য একটি আশার প্রদীপ হয়ে আছে। এই নতুন ফ্যাসিলিটি যুগান্তকারী চিকিৎসা তৈরি করবে যা ক্যান্সারের বিরুদ্ধে লড়াইয়ে লিপ্ত ব্যক্তিদের জন্য ভালো ফলাফল নিয়ে আসবে বলে আশা করা যায়। রসওয়েল পার্কের জন্য তার অব্যাহত সহায়তার জন্য এবং নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্যকে তার এজেন্ডার শীর্ষে রাখার জন্য আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই।"

রোজওয়েলের থেরাপিউটিক কোষ উৎপাদন কেন্দ্রের এই সম্প্রসারণ নিউ ইয়র্কে একটি বিশ্ব-মানের প্রাণ বিজ্ঞান গবেষণা ক্লাস্টার সম্প্রসারণ ত্বরান্বিত করার পাশাপাশি এই গবেষণাকে বাণিজ্যিকীকরণ করে অর্থনীতিকে সমৃদ্ধ করার জন্য স্টেটের সক্ষমতা সম্প্রসারণের জন্য নিউ ইয়র্ক স্টেটের 620 মিলিয়ন ডলারের উদ্যোগের অংশ। বহুমাত্রিক উদ্যোগটিতে রয়েছে স্টেটে নতুন লাইফ সাইন্স প্রযুক্তি আকৃষ্ট করা, উদীয়মান লাইফ সাইন্স ক্ষেত্রসমূহে অতি গুরুত্বপূর্ণ সরকারি ও বেসরকারি খাতের বিনিয়োগের প্রচার করা এবং পুরো নিউ ইয়র্কে লাইফ সাইন্স সম্পর্কিত ব্যবসা ও চাকরি তৈরি ও বিস্তার করার কৌশলী কর্মসূচির জন্য 320 মিলিয়ন মার্কিন ডলার। নিউ ইয়র্ক স্টেটের লাইফ সায়েন্স উদ্যোগের কৌশলগত পরিকল্পনা পড়ুন এখানে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418